গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# আন্তর্জাতিক দূর পাল্লার টেলিযোগাযোগ সেবা নীতিমালা, ২০১০

# [INTERNATIONAL LONG DISTANCE TELECOMMUNICATION SERVICES (ILDTS) POLICY, 2010]

ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মে, ২০১০ খ্রিঃ

# আন্তর্জাতিক দূর পাল্লার টেলিযোগাযাগ সেবা নীতিমালা, ২০১০

## সূচীপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১। | সংক্ষেপকরণ (Abbreviations) | ২ |
| ২। | উপক্রমণিকা (Preface) | ৩ |
| ৩। | নীতি লক্ষ্যসমূহ (Policy objectives) | ৫ |
| ৪। | সংজ্ঞা (Definitions) | ৫ |
| ৫। | ধারণা (Concept) | ৯ |
| ৬। | ভয়েস সার্ভিসসমূহ (Voice Services) | ৯ |
| ৭। | ডাটা সার্ভিসসমূহ (Data Services) | ১২ |
| ৮। | আইপি টেলিফোনি, VOIP কল টার্মিনেশন ও IP-TV (IP Telephony,VOIP Call Termination) | ১৪ |
| ৯। | ইন্টারন্যাশনাল লং ডিসট্যান্স ক্যাবল (International Long Distance Cable) | ১৫ |
| ১০। | পরিচালনকারী লাইসেন্স (Operator Licenses) | ১৫ |
| ১১। | লাইসেন্সধারীর যোগ্যতা (Eligibility of License) | ১৬ |
| ১২। | সুবিধাদির ব্যবহার (Utilization of Facilities) | ১৭ |
| ১৩। | এনজিএন প্রযুক্তির প্রমোশন (Promotion of NGN Technology) | ১৭ |
| ১৪। | বিপিও প্রমোশন (Promotion of BPO) | ১৮ |
| ১৫। | কোয়ালিটি অব সার্ভিস (Quality of Service) | ১৮ |
| ১৬। | ট্যারিফ কাঠামো/রাজস্ব বিভাজন (Tariff Structure/Revenue Sharing) | ১৮ |
| ১৭। | পরিবীক্ষণ এবং জাতীয় নিরাপত্তা (Monitoring and National Security) | ১৮ |
| ১৮। | টেলিযোগাযোগ সংক্রান্ত অন্যান্য নীতিমালার প্রয়োগ (Application of other Policies relating to Telecommunication) | ১৯ |
| ১৯। | নীতিমালা ব্যাখ্যার সুযোগ (Scope of Interpretation of Policy) | ২০ |
| ২০। | উপসংহার (Conclusion) | ২০ |
| ২১। | Network Topology এর ছকবদ্ধ চিত্র (Schematic Diagram) | ২১ |

## ABBREVIATIONS

| | | | |
|---|---|---|---|
| 01. | ANS | – | Access Network Service. |
| 02. | BPO | – | Business Process Outsourcing. |
| 03. | BTRC | – | Bangladesh Telecommunication Regulatory Commission. |
| 04. | BTTB | – | Bangladesh Telegraph & Telephone Board. |
| 05. | CDR | – | Call Detail Records. |
| 06. | ENUM | – | Telephone Number Mapping. |
| 07. | ICX | – | Interconnection Exchange. |
| 08. | ILDTS | – | International Long Distance Telecommunication Services. |
| 09. | IP | – | Internet Protocol. |
| 10. | IPLC | – | International Private Leased Circuit. |
| 11. | IP-TV | – | Internet Protocol Television. |
| 12. | IPO | – | Initial Public Offer. |
| 13. | ISP | – | Internet Service Provider. |
| 14. | IGW | – | International Gateways. |
| 15. | IX | – | Internet Exchange. |
| 16. | LI | – | Lawful Interception. |
| 17. | NGN | – | Next Generation Network. |
| 18. | POP | – | Point of Presence. |
| 19. | PLMN | – | Public Land Mobile Network. |
| 20. | PSTN | – | Public Switched Telephone Network. |
| 21. | QoS | – | Quality of Service. |
| 22. | VoIP | – | Voice over Internet Protocol. |
| 23. | VSAT | – | Very Small Aperture Terminal. |

# ১. উপক্রমনিকা [Preface]

১.১ টেলিযোগাযোগের ক্ষেত্রে প্রযুক্তির অগ্রগতি আন্তর্জাতিক দূর পাল্লার টেলিযোগাযোগ সেবায় সংযোজিত হইয়াছে নতুন প্রজন্মের প্রযুক্তি। ভয়েস ওভার ইন্টারনেট প্রটোকল (VoIP) তেমনি একটি প্রযুক্তি, যাহা বিশ্বের এক প্রান্ত হইতে অপর প্রান্তে স্বল্প ব্যয়ে কণ্ঠস্বরে যোগাযোগের (voice communication) জন্য অতি জনপ্রিয় প্রযুক্তি। VoIP এত দ্রুত জনপ্রিয়তা অর্জনের কারণ ইহাতে খরচ কম এবং ইহা ইন্টারনেট প্রটোকল ভিত্তিক নেটওয়ার্কের সাথে সুসংগত। VoIP কথাটি বেশ কিছু দিন ধরিয়া বাংলাদেশে বহুলশ্রুত। কিন্তু বিষয়টি জাতীয় টেলিযোগাযোগ নীতিমালা, ১৯৯৮ বা টেলিযোগাযোগ আইন, ২০০১ এ অন্তর্ভুক্ত করা হয় নাই। কারণ, এহেন প্রযুক্তির উদ্ভাবন তখন ধারণায় আসে নাই। VoIP উন্মুক্ত করিবার ব্যাপারে অসংখ্য গবেষণা, বির্তক ও আলোচনা হইয়াছে। কিন্তু এই নতুন প্রযুক্তিটি যথাসময়ে গৃহীত হয় নাই। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিভ্রান্তি ও বিলম্বের মাঝে গোপনে VoIP সেবা দ্রুত বিস্তার লাভ করে।

১.২ মূল্যের তারতম্যহেতু কেনা-বেচার হিড়িক এবং ইহার জন্য প্রযুক্তিগত উপায় যেখানে সহজলভ্য, সেখানে এহেন কার্যাবলী রোধ করা দুরূহ। যথাযথ নীতি কাঠামোর অনুস্থিতিতে এবং বাস্তবায়নের অভাবে VoIP ভিত্তিক টেলিফোন সেবা অনিয়ন্ত্রিতভাবে গড়িয়া উঠিয়াছে। ইহাতে বিপুল পরিমাণ রাজস্ব দেশের বাহিরে চলিয়া যাইতেছে এবং সরকার যথাযথ রাজস্ব প্রাপ্তি হইতে বঞ্চিত হইতেছে। প্রাতিষ্ঠানিক রূপ লাভ করা এই সকল অবৈধ কর্মকান্ডের ক্ষতিকর দিক এবং প্রবাসী, স্থানীয় ব্যবসায়িক উদ্যোক্তা এবং বাংলাদেশে ব্যবসা রহিয়াছে এমন বহুজাতিক কোম্পানীগুলির চাহিদা দ্রুত বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে সরকার ২০০৭ সালে প্রথম পদক্ষেপ হিসেবে আন্তর্জাতিক দূর পাল্লার টেলিযোগাযোগ সেবা নীতিমালা ২০০৭ [International Long Distance Telecommunication Services (ILDTS) Policy, 2007] ঘোষণা করে।

১.৩ সংযোগবিহীনদের অর্থনৈতিক ও সামাজিক উপকারার্থে তাহাদেরকে বিশ্ব নেটওয়ার্কের সাথে সংযুক্ত করিবার পরিবেশ সৃজন এবং নতুন প্রযুক্তি চালু করিবার মাধ্যমে আর্থসামাজিক পরিবর্তন নিশ্চিতকরণের লক্ষ্যে 'ডিজিটাল বাংলাদেশ' বাস্তবায়নের প্রত্যাশা সরকারের রহিয়াছে। সকলের জন্য, বিশেষ করিয়া পল্লী এলাকায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং সেবার যুক্তিসংগত ব্যয়ে প্রাপ্তি নিশ্চিত করিতে সরকার দৃঢ় প্রতিজ্ঞ।

১.৪ ২০০৭ সনের নীতিমালা ইহার কাঙ্খিত লক্ষ্য অর্জনে পুরোপুরি সফল হয় নাই। বৈধভাবে আসা কল বিপুল পরিমাণে বৃদ্ধি পাওয়া সত্ত্বেও আন্তর্জাতিক কল টার্মিনেশনের (call termination) বৈধ ব্যবস্থাকে পাশ কাটাইয়া অবৈধভাবে কল টার্মিনেশন চলিতে থাকে। ইহাতে সরকার কল টার্মিনেশনের উপর এবং অপারেটরদের উপর আরোপিত ট্যাক্স সংশ্লিষ্ট ন্যায্য রাজস্ব প্রাপ্তি হইতে বঞ্চিত হইতে থাকে। ইহার ফলে আইন মান্যকারী পরিচালনাকারীদের স্বার্থ হুমকির সম্মূখীন হয়, কালো টাকা সঞ্চিত হইতে থাকে এবং একটি অরাজক অবস্থা তৈরী হয়। ২০০৭ সনের নীতিমালার কাঠামোর মধ্যে থাকিয়া আন্তর্জাতিক ফোন কল সুবিধা স্বল্প মূল্যে প্রদান করাও সম্ভবপর হয় নাই এবং গার্হস্থ্য ও ব্যবসা ভিত্তিক গ্রাহকদের মূল্য-মান ভিত্তিক সেবা বাছাইয়ের কোন সুযোগ দিতে পারে নাই। দেশের যুব সমাজের জন্য কর্ম সৃজন এবং Business Process Outsourcing (BPO) সেবার মাধ্যমে রপ্তানী উন্নয়নের সক্রিয় প্রয়াস সত্ত্বেও ফলাফল অতি অল্প। অতএব, ২০০৭ সনের নীতিমালা কাঠামো বাস্তবায়নের অভিজ্ঞতা ও সমস্যাদি সযত্নে বিশ্লেষণ করিয়া ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ (২০০১ সনের ১৮ নং আইন) এর ধারা ৩৩ এ প্রদত্ত দায়িত্ব অনুসারে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের সাথে পরামর্শক্রমে সংশোধিত আন্তর্জাতিক দূর পাল্লার টেলিযোগাযোগ সেবা নীতিমালা কাঠামো ২০১০ উপস্থাপন করিয়াছে, যেন ইহার লক্ষ্য অর্জন সহজতর হয়।

১.৫ সংশোধিত নীতি কাঠামোতে লক্ষ্যসমূহ অপরিবর্তিত রাখা হইয়াছে। লক্ষ্য অর্জনের উপায় পরিবর্তন করা হইয়াছে যাহাতে বিদ্যমান নীতি উদারীকরণের মাধ্যমে স্বার্থ সংশ্লিষ্টদের, ব্যবহারকারীদের এবং নিয়ন্ত্রকদের মাঝে সমন্বয় উন্নততর হয়, মিলেমিশে কাজ করিবার মনোবৃত্তি গড়িয়া উঠে, আইন মানিয়া চলিবার প্রবৃত্তি গড়িয়া উঠিতে সহায়তা করে এবং অবৈধ কার্যকলাপ বন্ধ করিতে সরকারী উদ্যোগকে বেগবান করে, একই সাথে অর্থনীতি এবং আন্তর্জাতিক টেলিযোগাযোগ সেবা ব্যবহারকারীদের প্রত্যাশিত শুভপ্রাপ্তি নিশ্চিত হয়। উদাহরণ স্বরূপ উল্লেখ করা যায় যে, ২০০৭ সনের ILDTS Policy তে আন্তর্জাতিক ভয়েস ও ডাটা টার্মিনেশন অপারেটরের সংখ্যা সীমিত ছিল, উক্ত দ্বার নতুন নীতিমালায় উম্মুক্ত করিয়া দেওয়া হইয়াছে যাহাতে আমাদের টেলিযোগাযোগ খাতের চাহিদানুযায়ী অপারেটরের সংখ্যা নির্ধারিত হইবে।

১.৬ নতুন ILDTS Policy 2010 **'ডিজিটাল বাংলাদেশ'** এর ধারণা বাস্তবরূপ দিতে সহায়ক হইবে। অর্থনৈতিক মুক্তির অন্যতম পথ হিসেবে তথ্য ও প্রযুক্তিতে সহজ প্রবেশ নিশ্চিতকরণের জন্য জনগণের প্রতি অঙ্গীকারের অংশ হিসাবে সরকার এই নীতিমালা অনুসরণ করিবে।

## ২. নীতি লক্ষ্যসমূহ [Policy Objectives]

২.১ গ্রাহকদের স্বার্থ রক্ষা করা, আধুনিক প্রযুক্তি ব্যবহার করিয়া স্বল্পমূল্যে আন্তর্জাতিক টেলিযোগাযোগ সুবিধা প্রদান করা ;

২.২ টেলিযোগাযোগ খাতে স্থানীয় ব্যবসায়িক প্রতিষ্ঠানকে ও উদ্যোক্তাদেরকে উৎসাহিত করা ;

২.৩ স্বার্থ সংশ্লিষ্টদের, সেবা প্রদানকারীদের এবং সংশ্লিষ্ট অন্যান্য পক্ষের জন্য যথেষ্ট ও উৎসাহজনক রাজস্ব আহরণের উপায় নিশ্চিত করা ;

২.৪ অবৈধ বৈদেশিক মুদ্রা লেনদেন এবং মানি লন্ডারিং বন্ধ করা ;

২.৫ সরকারের যথাযথ রাজস্ব আয় নিশ্চিত করা ;

২.৬ জাতীয় নিরাপত্তা নিশ্চিত করা এবং জাতীয় স্বার্থ রক্ষা করা ;

২.৭ Next Generation Network (NGN) প্রযুক্তি উৎসাহিত করা ;

২.৮ নতুন কর্মসংস্থান সৃজনে সহায়তা করা।

## ৩. সংজ্ঞা [Definition]

৩.১ প্রসংগের প্রয়োজনে ভিন্নরূপ না হইলে এই নীতিমালায় ব্যবহৃত বিভিন্ন অভিব্যক্তি নিম্নে প্রদত্ত অর্থ বহন করিবে। বিভিন্ন অনুচ্ছেদে প্রদত্ত শিরোনামের বিশেষ কোন অর্থ নাই। এইগুলি নীতিমালা পাঠের সুবিধার্থে দেওয়া হইয়াছে।

৩.২ এক্সেস নেটওয়ার্ক সার্ভিস অপারেটর [Access Network Service (ANS) Operator] অর্থ PSTN, Cellular, ক্যাবল সেবা প্রদানকারী এবং ISP অপারেটর, যাহাদের গ্রাহকদের সাথে সরাসরি সংযোগ রহিয়াছে।

৩.৩ বিজনেস প্রসেস আউটসোর্সিং [Business Process Outsourcing (BPO)] অর্থ কোন প্রতিষ্ঠানের সমূদয় বাণিজ্যিক কার্যক্রম স্বীয় মালিকানাধীন বা সেবা প্রদানকারী তৃতীয় পক্ষের নিকট স্থানান্তরকরণের ক্রমবর্ধমান প্রবণতা, বিশেষ করিয়া স্বল্প ব্যয় সম্পন্ন কোন স্থানে। ইহার উল্লেখযোগ্য উদাহরণ হইল, Call Centres, Human Resources Management, 'Back Office' Banking, Accounting, Insurance Claim, Tax, Payroll এবং অন্যান্য ব্যবসায়িক উপাত্ত প্রক্রিয়াকরণের স্থানান্তরকরণ।

৩.৪ কল ডিটেইল রেকর্ডস [Call Detail Records (CDR)] অর্থ প্রত্যেক ফোন কল এর ব্যাপারে সংশ্লিষ্ট switch এবং HUB দ্বারা উক্ত কল কোন্ স্থানের কোন্ নাম্বার হইতে কোন্ তারিখ, কোন্ সময় করা হয়, কলটি কতক্ষণ ধরিয়া চলে, যে নাম্বারকে কল করা হয় সেই নাম্বারের অবস্থান ইত্যাদি সংক্রান্ত যে রেকর্ড binary বা অন্য কোন পদ্ধতিতে প্রস্তুত করা হয়।

৩.৫ ইকনমি ইন্টারন্যাশনাল সাবস্ক্রাইবার ডায়ালিং [Economy International Subscriber Dialing (EISD)] অর্থ বৈধ লাইসেন্সধারী পরিচালনাকারীর clear channel ছাড়া অন্য নিম্নমানের channel এর মাধ্যমে করা ফোন কল।

৩.৬ আইপি টেলিফোনি (IP Telephony) অর্থ উপাত্ত (data) সঞ্চালনের জন্য নির্ধারিত ইন্টারনেট প্রটোকল দিয়া কণ্ঠস্বর (voice) সঞ্চালন।

৩.৭ আইপিটিএসপি [IPTSP] অর্থ আইপি টেলিফোন সেবা প্রদানকারী।

৩.৮ ইন্টারকানেকশন এক্সচেঞ্জ [Interconnection Exchange (ICX)] অর্থ দুই বা ততোধিক টেলিযোগাযোগ নেটওয়ার্কের মধ্যে আন্তঃসংযোগ প্রদানের সুইচ (switch) সম্বলিত একচেঞ্জ যেখানে নিরীক্ষণ, আইনানুগ অভিগ্রহণ এবং ভ্রাম্যমান নাম্বার বহনের ব্যবস্থাদিও সংরক্ষণ করা হইবে।

৩.৯ ন্যাশনাল ইন্টারনেট এক্সচেঞ্জ [National Internet Exchange (IX)] অর্থ এমন সুইচিং পদ্ধতি সম্বলিত এক্সচেঞ্জ যেখানে ইন্টারনেট সেবা প্রদানকারী বা তদ্রুপ প্রধানতঃ ডাটা ট্রাফিক সেবা প্রদানকারীরা পরস্পর সংযুক্ত থাকিবে। ইহার দু'টি দিক থাকিবেঃ একটি দিকে International Internet Gateway (IIG) এবং অন্য দিকে থাকিবে National Internet Exchange (NIX)। IIG বৈশ্বিক ইন্টারনেট সংযোগ প্রদান করিবে। সকল অভ্যন্তরীণ data যোগাযোগ NIX এর মাধ্যমে সঞ্চালন করিতে হইবে, যেন আন্তর্জাতিক ইন্টারনেট ব্যান্ডউইডথ এর অপ্রয়োজনীয় ব্যবহার কমানো যায়। ইহা অবাণিজ্যিক কম্পিউটার ভিত্তিক ভয়েস ট্রাফিক সঞ্চালন অনুমোদন করিবে (যেমন- মেসেঞ্জার ইত্যাদি)।

৩.১০ ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে [International Internet Gateway (IIG)] অর্থ এমন সুইচিং পদ্ধতি যাহার মাধ্যমে আন্তর্জাতিক data traffic প্রেরণ ও গ্রহণ করা হয়। এটি অবাণিজ্যিক কম্পিউটার ভিত্তিক ভয়েস ট্রাফিক সঞ্চালন অনুমোদন করিবে (যেমন- মেসেঞ্জার ইত্যাদি)।

৩.১১ ইন্টারন্যাশনাল গেটওয়ে [International Gateway (IGW)] অর্থ এমন সুইচিং পদ্ধতি যাহার মাধ্যমে আন্তর্জাতিক ভয়েস (VoIP and Clear Channel) প্রেরণ ও গ্রহণ করা হয়। IGW তে ট্রাফিক সঞ্চালন বাস্তব নিরীক্ষণের ব্যবস্থাও থাকিবে।

৩.১২ ইন্টারন্যাশনাল প্রাইভেট লীজড সার্কিট [International Private Leased Circuit (IPLC)] অর্থ International point to point leased circuit।

৩.১৩ ন্যাশনাল ইন্টারনেট এক্সচেঞ্জ [National Internet Exchange (NIX)] অর্থ এমন সুইচিং পদ্ধতি যাহার মাধ্যমে সকল অভ্যন্তরীণ ডাটা (data) আদান প্রদান করা হয়, যেন আন্তর্জাতিক ইন্টারনেট ব্যান্ডউইডথ এর অপ্রয়োজনীয় ব্যবহার কমানো যায়।

৩.১৪ লাইসেন্স [License] অর্থ টেলিযোগাযোগ আইন, ২০০১ এর অধীনে কমিশন কর্তৃক ইস্যুকৃত লাইসেন্স।

৩.১৫ লাইসেন্সধারী [Licensee] অর্থ টেলিযোগাযোগ আইন, ২০০১ এর অধীনে লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি।

৩.১৬ নেক্সট জেনারেশন নেটওয়ার্ক [Next Generation Network (NGN)] অর্থ প্যাকেট ভিত্তিক নেটওয়ার্ক, যাহা টেলিযোগাযোগ সেবাসহ বহুবিধ সেবা প্রদানে সক্ষম ব্রডব্যান্ড, QoS-enabled transport technologies ব্যবহার করিতে সক্ষম এবং ইহাতে সেবা সংক্রান্ত কার্যাবলী অন্তঃস্থ পরিবহন সংক্রান্ত প্রযুক্তির উপর নির্ভরশীল নহে। ইহা গ্রাহকদের সার্বিকভাবে mobility সুবিধা প্রদান করে, যাহা নিরবিচ্ছিন্নভাবে সকল স্থানে সকল ধরনের সেবা প্রাপ্তির সুযোগ করিয়া দেয়।

৩.১৭ নম্বর বহনযোগ্যতা [Number Portability] অর্থ কোন গ্রাহক তাহার টেলিযোগাযোগ সেবা প্রদানকারী পরিবর্তন করিলেও বর্তমান ফোন নম্বর দিয়া একই মানের সেবা পাইতে পারেন এমন একটি ব্যবস্থা।

৩.১৮ পরিচালনকারী [Operator] অর্থ টেলিযোগাযোগ ব্যবস্থা স্থাপন বা পরিচালনের জন্য বা টেলিযোগাযোগ সেবা প্রদানের জন্য বা এই ধরনের একাধিক কাজের সমন্বিত ব্যবস্থা পরিচালনার জন্য টেলিযোগাযোগ আইন, ২০০১ এর অধীন লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি।

৩.১৯ উপস্থিতি স্থান [Point of Presence (PoP)] অর্থ সুইচিং সেন্টার এবং ট্রান্সমিশন সেন্টার স্থাপনা যেখান হইতে চাহিবা মাত্র নির্ধারিত মানের সেবা বৈষম্যহীনভাবে প্রদান করা যায়।

৩.২০ পিএলএমএন [PLMN] অর্থ Public Land Mobile Network for providing land mobile telephone।

৩.২১ পিএসটিএন (PSTN) অর্থ জনসাধারণকে টেলিযোগাযোগ সেবা প্রদানের জন্য Public Swithched Telephone Network।

৩.২২ সেবার মান [Quality of Service (QoS)] অর্থ সেবার মাত্রা, ভুল প্রক্রিয়া হেতু কল হারাইয়া যাওয়া, বিট ভ্রান্তির হার (bit error rate), উত্তরদান সময়, গ্রাহক একক প্রতি গ্রহনযোগ্য সংখ্যক ত্রুটি, Mean Time to Restore (MTTR) ছাড়াইয়া যাওয়া ত্রুটি ইত্যাদির ভিত্তিতে নির্ণয়কৃত অবস্থা।

৩.২৩ টেলিযোগাযোগ সেবা [Telecommunication Service] অর্থ টেলিযোগাযোগ আইন,২০০১ এর ধারা ২(১৫) তে সংজ্ঞায়িত টেলিযোগাযোগ সেবা ।

৩.২৪ টেলিযোগাযোগ ব্যবস্থা [Telecommunication System] অর্থ টেলিযোগাযোগ আইন, ২০০১ এর ধারা ২(১৩) এ সংজ্ঞায়িত টেলিযোগাযোগ ব্যবস্থা।

৩.২৫ টেলিফোন নাম্বার ম্যাপিং [tElephone NUmber Mapping (ENUM)] অর্থ e164.arpa এ Domain Name System (DNS) ব্যবহার করে Uniform Resources & Identifiers (URIs) এ টেলিফোন নম্বরের চিত্রায়ন যাহা দ্বারা পিএসটিএন/ পিএলএমএন এবং ইন্টারনেট সমকেন্দ্রাভিমুখী করা যাইতে পারে।

৩.২৬ ট্যারিফ [Tariff] অর্থ বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ এর ষষ্ঠ অধ্যায়ের অধীনে সরকার কর্তৃক অনুমোদিত বা উক্ত আইনের ধারাতে উল্লিখিত ট্যারিফ।

৩.২৭ ভয়েস ওভার ইন্টারনেট প্রটোকল [Voice over Internet Protocol (VoIP)] অর্থ কোন ইন্টারনেট বা ইন্টারনেট প্রটোকল নেটওয়ার্কের মাধ্যমে কন্ঠস্বরে (voice) কথোপকথন চালনার পদ্ধতি। ইহাতে ভয়েস-ডাটা প্রচলিত dedicated Circuit Switched Voice Transmission লাইনের পরিবর্তে প্যাকেট সুইচড নেটওয়ার্কের মধ্য দিয়া সঞ্চালিত হয়।

# আন্তর্জাতিক দূর-পাল্লার টেলিযোগাযোগ সেবা নীতির কাঠামো
## (Framework of International Long Distance Telecommunication Services Policy)

## ৪. ধারনা [Concept]

৪.১ বাংলাদেশ হইতে শুরু হওয়া VoIP কলসহ সকল ভয়েস কল ICXs এবং IGWs এর মাধ্যমে সঞ্চালিত হইতে হইবে। অভ্যন্তরীন আন্তঃপরিচালনকারীর VoIP কলসহ voice call, ICXs এর মাধ্যমে পরিচালিত হইতে হইবে।

৪.২ IPLC এর মাধ্যমে সঞ্চালিতব্য data traffic ছাড়া সকল আন্তর্জাতিক ইন্টারনেট ভিত্তিক data traffic, IIGs এর মাধ্যমে সঞ্চালন করিতে হবে। অভ্যন্তরীন আন্তঃ পরিচালনকারীর data traffic, NIXs এর মাধ্যমে সঞ্চালন করিতে হইবে।

৪.৩ আন্তঃপরিচালনকারীর IP Telephony traffic, ICXs এর মাধ্যমে সঞ্চালন করিতে হইবে। IPTSP দের মধ্যে ভয়েস ট্রাফিক NIXs এর মাধ্যমে সঞ্চালন করা যাইতে পারে। আন্তর্জাতিক IPTSP ভয়েস ট্রাফিক ICXs এবং IGWs এবং IIG এর মাধ্যমে সঞ্চালন করিতে হইবে।

৪.৪ আন্তর্জাতিক ভয়েস কল IGW এর মাধ্যমে অথবা IIG/IGW এর মাধ্যমে VoIP কল টার্মিনেশন অপারেটর পর্যন্ত সঞ্চালন হইবে।

৪.৫ আন্তর্জাতিক কলসেন্টার, ভিডিও কনফারেন্সিং এবং আইপি-টিভি সংশ্লিষ্ট সেবা, যাহা আইপি/অন্য কোনো প্রযুক্তি ভিত্তিক হইবে, তাহা IIGs/IPLC এর মধ্য দিয়া সঞ্চালিত হইবে।

৪.৬ ILDTS Policy, 2010 এর Network Topology এর ছকবদ্ধ চিত্র ২১ পৃষ্ঠায়।

## ৫. ভয়েস সার্ভিসসমূহ [Voice Services]

### ৫.১ নেটওয়ার্ক টপলজি (Network Topology)

৫.১.১ নেটওয়ার্কের নির্মান কৌশল হইবে তিন স্তর বিশিষ্ট যেখানে প্রয়োজনীয় সময়ে পরিবর্তনযোগ্য সরঞ্জাম ও প্রযুক্তি ব্যবহার করা হইবে।

৫.১.২ প্রথম স্তর হইবে IGWs, যাহার সাথে সংযুক্ত হইবে International Long Distance Cable (ILDC) networks এবং ICXs। বিকল্প ILDC না পাওয়া পর্যন্ত IGWs উপগ্রহ ভূ-কেন্দ্র বা VSAT আপদকালীন ব্যবহারের জন্য রাখিতে পারিবে।

৫.১.৩ দ্বিতীয় স্তর হবে ICXs, যা IGWs এবং ANS এর সাথে সংযুক্ত করিতে হইবে। আন্তঃ IPTSP ভয়েস ট্রাফিকের জন্য IPTSP সমূহ NIXs এর সাথে সংযুক্ত করা যাইতে পারে।

৫.১.৪ তৃতীয় স্তর হইবে ANS অপারেটর, যাহারা প্রান্তিক ব্যবহারকারীদের সরাসরি সেবা প্রদান করিবে। এই স্তর ICXs/NIXs এবং গ্রাহকদের মাঝে সংযোগ নিশ্চিত করিবে।

## ৫.২ ইন্টারন্যাশনাল গেটওয়ে [International Gateways (IGWs)]

৫.২.১ বাংলাদেশের টেলিযোগাযোগ খাতের চাহিদার নিরিখে সরকার IGW পরিচালনকারীর সংখ্যা নির্ধারণ করিবে।

৫.২.২ প্রাথমিক পর্যায়ে ইন্টারন্যাশনাল গেটওয়ে সমূহ (IGWs) ঢাকায় স্থাপিত হইবে। নেটওয়ার্কের সাথে পল্লীবাসীদের সংযুক্তকরণ এবং ট্রাফিকের পরিমানের ভিত্তিতে অধিক সংখ্যক ইন্টারন্যাশনাল গেটওয়ে স্থাপন করা হইবে।

৫.২.৩ ইন্টারন্যাশনাল গেটওয়ে-এর সাথে আন্তর্জাতিক নেটওয়ার্কের প্রাথমিক ও প্রধান সংযোগ হইবে ILDC নেটওয়ার্কের মাধ্যমে।

৫.২.৪ বিকল্প ILDC নেটওয়ার্ক স্থাপিত না হওয়া পর্যন্ত ইন্টারন্যাশনাল গেটওয়ে এর বিকল্প সংযুক্তি থাকিবে উপগ্রহ ভূ-কেন্দ্র/VSAT এর মাধ্যমে।

৫.২.৫ ইন্টারন্যাশনাল গেটওয়ে সমূহ ICX সমূহের সাথে সংযুক্ত থাকিবে। ICX সমূহ IGW সমূহের সাথে সংযোগ স্থাপন ও সংরক্ষণ করিবে এবং অপরদিকে PoP এর মাধ্যমে ANS পরিচালনকারীদের সাথেও সংযোগ স্থাপন ও সংরক্ষণ করিবে।

৫.২.৬ ইন্টারন্যাশনাল গেটওয়ে সমূহ VoIP এর সূচনা ও সমাপ্তিসহ আন্তর্জাতিক ভয়েস কল সেবা সঞ্চালন করিবে।

৫.২.৭ ইন্টারন্যাশনাল গেটওয়ে পরিচালনকারীগণ প্রান্ত হইতে প্রান্ত সেবা পর্যায়ের চুক্তি সম্পাদন করিবেন এবং বিদেশী ক্যারিয়ারদের সাথে কল সূচনা ও সমাপন সংক্রান্ত চার্জ নির্ধারণের ব্যাপারে দরকষাকষি করিবেন। তবে তাহাদের নির্ধারিত ট্যারিফ বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

## ৫.৩ ইন্টারকানেকশন এক্সচেঞ্জ [Interconnection Exchange (ICX)]

৫.৩.১ ট্র্যাফিকের পরিমানের ভিত্তিতে এবং অধিক সংখ্যক পল্লীবাসীকে নেটওয়ার্কের সাথে সংযুক্তির সুযোগ প্রদানের লক্ষ্যে সরকার ICX পরিচালনকারীর সংখ্যা নির্ধারণ করিবে।

৫.৩.২ প্রাথমিকভাবে ICX সমূহ ঢাকা, চট্টগ্রাম, খুলনা, সিলেট, বরিশাল, রাজশাহী, গোপালগঞ্জ, রংপুর, ময়মনসিংহ, কুমিল্লা ও বগুড়ায় স্থাপিত হইবে। প্রত্যেক ICX পরিচালনকারীর কমপক্ষে ২ (দুই)টি ICX উপরোল্লিখিত দুইটি স্থানে স্থাপিত হইতে হইবে। পরিচালনকারীদের ICX স্থাপনের স্থান বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক নির্ধারণ করা হইবে।

৫.৩.৩ ICX সমূহের সাথে ঢাকাস্থিত IGW সমূহের সাথে বাস্তব সংযোগ থাকিতে হইবে।

৫.৩.৪ ICX সমূহ একই এলাকায় অবস্থিত হোক বা ভিন্ন এলাকায় অবস্থিত হোক নিজেদের ব্যবস্থায় নিজেদের মাঝে পারস্পরিক সংযোগ রক্ষা করিবে। সেই আন্তঃসংযোগ বিদ্যমান ব্যাকবোন দ্বারা চালানো যাইবে এবং যেখানে প্রয়োজন সেখানে নতুন ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপন করিতে হইবে।

৫.৩.৫ দেশমুখী এবং বিদেশমুখী VoIP-সহ আন্তর্জাতিক ভয়েস ট্রাফিক ICX সমূহের মাধ্যমে সঞ্চালিত হইতে হইবে।

৫.৩.৬ অভ্যন্তরীন আন্তঃপরিচালনকারী টেলিযোগাযোগ সেবাসমূহ ICX সমূহের মাধ্যমে সঞ্চালিত হইতে হইবে। সকল ANS পরিচালনকারীগণ ICX সমূহের মাধ্যমে আন্তঃসংযোজিত হইবে ।

৫.৩.৭ ICX সমূহ পার্শ্ববর্তী এলাকার জন্য PoP হিসেবে কাজ করিবে।

৫.৩.৮ ICX পরিচালনকারীগণের PoP এর সাথে ANS পরিচালনকারীগণ যাহাতে আন্তঃসংযোগ স্থাপন করিতে পারে সেই ব্যাপারে ICX পরিচালনকারীগণ প্রয়োজনীয় ব্যবস্থা করিবেন।

৫.৩.৯ প্রয়োজনে ICX সমূহ যেন Number Portability, IMEI নম্বর, ENUM এবং অন্যান্য NGN সেবাদি প্রদান কার্যক্রমে সহায়ক হইতে পারে সেইরূপ ব্যবস্থা রাখিতে হইবে এবং কমিশন উহা তদারকি করিবে।

## ৫.৪ এক্সেস নেটওয়ার্ক [Access Network]

৫.৪.১ ICX PoP প্রাপ্তি সাপেক্ষে প্রত্যেক ANS পরিচালনকারী স্বীয় উদ্যোগে Optical fibre বা তার বা বেতারের মাধ্যমে নিজ নেটওয়ার্ককে কমপক্ষে ৩(তিন)টি ICX অপারেটর এর সাথে সংযুক্ত করিবেন।

৫.৪.২ কোন ICX এর PoP এলাকায় ক্রিয়াশীল ANS পরিচালনকারী তাহার নেটওয়ার্ককে সেই এলাকার PoP এ সংযুক্ত করিবেন যাহাতে আঞ্চলিক আন্তঃপরিচালনকারী ট্রাফিক লেনদেন সহজসাধ্য হয়।

৫.৪.৩ ANS পরিচালনকারীগণ সংশ্লিষ্ট গ্রাহকদের সেবা প্রদান করিবেন।

# ৬. ডাটা সার্ভিসসমূহ [Data Services]

## ৬.১ নেটওয়ার্ক টপলজি (Network Topology)

### ৬.১.১ আন্তর্জাতিক ডাটা নেটওয়ার্ক [International Data Network)

৬.১.১.১ নেটওয়ার্ক নির্মাণ কৌশল হইবে যথোপযুক্ত সরঞ্জাম ও প্রযুক্তি সমন্বয়ে ২(দুই) স্তর বিশিষ্ট।

৬.১.১.২ প্রথম স্তর হইবে ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে (IIG), যাহা ILDC নেটওয়ার্ক এবং ANS পরিচালনকারীদের নেটওয়ার্কের সাথে সংযুক্ত থাকিবে। বিকল্প ILDC না পাওয়া পর্যন্ত IIG সমূহ প্রয়োজনীয় বিকল্প হিসেবে উপগ্রহ ভূ-কেন্দ্র বা VSAT সংযোগ বজায় রাখিতে পারিবে।

৬.১.১.৩ দ্বিতীয় স্তর ANS পরিচালনাকারীর নেটওয়ার্ক। এই স্তর ডাটা সার্ভিস ব্যবহারকারীদের সাথে IIG সমূহের সংযোগ নিশ্চিত করিবে।

### ৬.১.২ অভ্যন্তরীন ডাটা নেওয়ার্ক [Domestic Data Network]

৬.১.২.১ নেটওয়ার্ক নির্মাণ কৌশল হইবে যথোপযুক্ত সরঞ্জাম ও প্রযুক্তি সমন্বয়ে ২ (দুই) স্তর বিশিষ্ট।

৬.১.২.২ প্রথম স্তর NIX যাহা শুধু ANS পরিচালনকারীদের নেটওয়ার্কের সাথে সংযুক্ত থাকিবে এবং অভ্যন্তরীন ডাটা আদান প্রদানে ব্যবহৃত হইবে।

৬.১.২.৩ দ্বিতীয় স্তর হইবে ANS পরিচালনকারীদের নেটওয়ার্ক। এই স্তর NIX এবং ডাটা সেবার গ্রাহকদের মাঝে সংযোগ নিশ্চিত করিবে।

## ৬.২ ইন্টারন্যাশনাল ইন্টারনেট গেটওয়ে [International Internet Gateways (IIGs)]

৬.২.১ দেশের টেলিযোগাযোগ খাতের চাহিদার ভিত্তিতে সরকার IIG পরিচালনকারীর সংখ্যা নির্ধারণ করিবে।

৬.২.২ প্রাথমিক পর্যায়ে IIG সমূহ ঢাকা, চট্টগ্রাম, খুলনা, সিলেট, বরিশাল, রাজশাহী, গোপালগঞ্জ, রংপুর, ময়মনসিংহ, কুমিল্লা ও বগুড়ায় স্থাপিত হইবে। প্রত্যেক IIG পরিচালনকারীর কমপক্ষে ২ (দুই)টি IIG উপরোল্লিখিত স্থানসমূহের যে কোন ২(দুই)টিতে স্থাপন করিতে হইবে। নেটওয়ার্কের সাথে অধিক সংখ্যক পল্লীবাসীকে সংযুক্তকরণের লক্ষ্যে এবং ট্রাফিক পরিমানের ভিত্তিতে অন্যান্য স্থানে আরও IIG স্থাপন করা হইবে।

৬.২.৩ IIG সমূহ নিজেদের মাঝে আন্তঃসংযোগ স্থাপন করিবে। এই আন্তঃসংযোগ বিদ্যমান ব্যাকবোনের মাধ্যমে হইতে পারিবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে নতুন ব্যাকবোন নেটওয়ার্ক স্থাপন করা যাইবে।

৬.২.৪ আন্তর্জাতিক অন্তর্গামী এবং বহির্গামী ডাটা সেবাসমূহ IIG এর মাধ্যমে সঞ্চালিত হইতে হইবে।

৬.২.৫ IIG সমূহ এবং NIX সমূহ ANS পরিচালনকারীদের নেটওয়ার্কের সাথে সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা রাখিবে।

## ৬.৩ ন্যাশনাল ইন্টারনেট এক্সচেঞ্জ [National Internet Exchange (NIX)]

৬.৩.১ দেশের টেলিযোগাযোগ খাতের চাহিদানুসারে সরকার NIX পরিচালনকারীর সংখ্যা নির্ধারণ করিবে।

৬.৩.২ প্রাথমিক পর্যায়ে NIX ঢাকা, চট্টগ্রাম, খুলনা, সিলেট, বরিশাল, রাজশাহী, গোপালগঞ্জ, রংপুর, ময়মনসিংহ, কুমিল্লা ও বগুড়ায় স্থাপন করা হইবে। উল্লিখিত স্থানসমূহের যে কোন ২ (দুই)টিতে প্রত্যেক NIX পরিচালনকারী কমপক্ষে ২(দুই)টি NIX স্থাপন করিবেন। নেটওয়ার্কের সাথে অধিক সংখ্যক পল্লীবাসীকে সংযুক্তকরনের লক্ষ্যে এবং ট্রাফিকের পরিমানের ভিত্তিতে অন্যান্য স্থানে আরও NIX স্থাপন করা হইবে।

৬.৩.৩ NIX পরিচালনকারীগণ স্বীয় উদ্যোগে NIX সমূহের মাঝে আন্তঃসংযোগের ব্যবস্থা করিবেন।

৬.৩.৪ অভ্যন্তরীন আন্তঃপরিচালনকারী ডাটা ট্রাফিক এবং অভ্যন্তরীণ আন্তঃ IPTSP ভয়েস ট্রাফিক NIX এর মাধ্যমেই সঞ্চালিত হইতে হইবে।

৬.৩.৫ ANS পরিচালনকারীগণ যাহাতে তাহাদের নেটওয়ার্ক এবং NIX-এর মধ্যে আন্তঃসংযোগ স্থাপন করিতে পারে NIX তাহার প্রয়োজনীয় ব্যবস্থা রাখিবে।

৬.৩.৬ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের পূর্বানুমতিক্রমে আন্তর্জাতিক কন্টেন্ট (content) প্রোভাইডারগণ NIX-এর সাথে সংযোগ স্থাপন করিয়া স্থানীয় কন্টেন্ট সমৃদ্ধ করিতে পারিবে।

**৬.৪ এক্সেস নেটওয়ার্ক [Access Network]**

৬.৪.১ ANS পরিচালনকারী নিজ উদ্যোগে নিজ নেটওয়ার্ককে IIG সমূহের সাথে সংযুক্ত করিবেন।

৬.৪.২ ANS পরিচালনকারী নিজ উদ্যোগে নিজ নেটওয়ার্ককে NIX সমূহের সাথে সংযুক্ত করিবেন।

৬.৪.৩ ANS পরিচালনকারী তাহার গ্রাহকদের সেবা প্রদান করিবে।

## ৭. আইপি টেলিফোনি [IP Telephony], VoIP কল টার্মিনেশন এবং IP-TV সেবাসমূহ ঃ

৭.১ দেশের আপামর জনসাধারণকে সহজে ও সহনীয় মূল্যে টেলিযোগাযোগ সেবা প্রদানের লক্ষ্যে সর্বাধুনিক প্রযুক্তি ভিত্তিক আইপি টেলিফোনি চালু করা হইয়াছে।

৭.২ আইপি টেলিফোনি সাধারণ উদ্যোক্তাদের জন্য সহায়ক হইবে এবং গ্রামীণ এলাকায় যুবকদের উদ্যোক্তা হইতে উৎসাহিত করিবে যাহার ফলে যুব কর্মসংস্থান বাড়িবে।

৭.৩ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক প্রণীত আইপি টেলিফোনি সেবা সংক্রান্ত নির্দেশিকার (guidelines) পরিমার্জন এবং প্রয়োজন অনুসারে লাইসেন্স ইস্যুর ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৭.৪ VOIP কল প্রদানকারী অপারেটরগণ IP নেটওয়ার্কের মাধ্যমে কল সেবা প্রদানের ব্যবস্থা করিবে। এই নেটওয়ার্ক IIG /IGW হইতে ICX- এর মাধ্যমে PSTN ও নিম্নধারার অন্যান্য নেটওয়ার্ক পর্যন্ত সংযুক্ত থাকিবে, যা ANS হিসাবে অভিহিত ।

৭.৫ VOIP কল সেবা প্রদানের মাধ্যমে দেশের যুব সমাজের প্রযুক্তিগত মেধার উন্নয়নের পাশাপাশি দেশের জনগণ সুলভ মূল্যে আন্তর্জাতিক ভয়েস কল সেবা গ্রহণ করিতে পারিবে।

৭.৬ বিটিআরসি আন্তর্জাতিক VOIP কল টার্মিনেশন সেবা প্রদানের জন্য সরকারের অনুমোদনক্রমে প্রয়োজনীয় গাইড লাইন প্রস্তুত ও লাইসেন্স ইস্যু করিবে।

৭.৭ সরকার IP-TV প্রবর্তনে উৎসাহিত করিবে। ইহা দ্বারা ব্যবহারকারী নির্ধারিত টেলিভিশন অনুষ্ঠান এবং চাহিদা অনুযায়ী ভিডিও অনুষ্ঠান ইন্টারনেট প্রটোকল এবং অব্যাহত ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে ইন্টারনেটে ভিডিও দেখার সুযোগ থাকিবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সরকারী সংস্থা IP-TV-এর প্রয়োজনীয় গাইড লাইন প্রস্তুত ও লাইসেন্স ইস্যু করিবে।

## ৮. ইন্টারন্যাশনাল লং ডিসট্যান্স ক্যাবল [International Long Distance Cable (ILDC)]

### ৮.১ সাবমেরিন বা টেরেস্ট্রিয়াল ক্যাবল (Submarine or Terrestrial Cable)

৮.১.১ সাবমেরিন অথবা আন্তর্জাতিক টেরেস্ট্রিয়াল ক্যাবল অভ্যন্তরীন ও আন্তর্জাতিক টেলিযোগাযোগ নেটওয়ার্কের মধ্যে সংযোগ সাধন করিবে।

৮.১.২ টেলিযোগাযোগ সেবা নির্বিঘ্ন করিবার জন্য এবং আপদকালীন অবস্থা মোকাবেলা করিবার জন্য বিদ্যমান SEA-ME-WE-4 সাবমেরিন ক্যাবল ছাড়াও অতিরিক্ত সাবমেরিন অথবা টেরেস্ট্রিয়াল ক্যাবল থাকা অতীব প্রয়োজনীয়।

৮.১.৩ বাংলাদেশের টেলিযোগাযোগ খাতের প্রয়োজনের নিরিখে সরকার সাবমেরিন বা টেরেস্ট্রিয়াল ক্যাবল পরিচালনকারীর সংখ্যা নির্ধারণ করিবে।

৮.১.৪ দেশের টেলিযোগাযোগ খাতের প্রয়োজনীয়তার আলোকে সরকার ক্যাবলের সংখ্যা, ল্যান্ডিং স্টেশনের অবস্থান, ক্যাবলের পথ, ধারণ ক্ষমতা ইত্যাদি নির্ধারণ করিবে।

## ৯. পরিচালনকারী লাইসেন্স [Operator Licenses]

৯.১ কমিশন সরকারের অনুমোদনক্রমে অনুমোদিত নির্দেশিকা অনুসারে নিম্নোক্ত শ্রেনীর পরিচালনকারী লাইসেন্স ইস্যু করিবে ঃ

৯.১.১ IGW পরিচালনকারী লাইসেন্স।

৯.১.২ ICX পরিচালনকারী লাইসেন্স।

৯.১.৩ IIG পরিচালনকারী লাইসেন্স।

৯.১.৪ IP Telephony লাইসেন্স।

৯.১.৫ NIX পরিচালনকারী লাইসেন্স।

৯.১.৬ Submarine Cable (SC) পরিচালনকারী লাইসেন্স।

৯.১.৭ International Terrestrial Cable (ITC) পরিচালনকারী লাইসেন্স।

৯.১.৮ VOIP Call Termination পরিচালনকারী লাইসেন্স।

৯.১.৯ IP- TV সেবার লাইসেন্স ।

৯.১.১০ এই নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ অন্যান্য লাইসেন্স।

## ১০. লাইসেন্সধারীর যোগ্যতা [Eligibility of Licenses]

১০.১ IGW, ICX, IIG, NIX এবং ITC, IP Telephony, IP-TV ও আন্তর্জাতিক VOIP কল টার্মিনেশন লাইসেন্স ইস্যু করা হইবে শুধুমাত্র বাংলাদেশী স্বত্বার অনুকূলে (দেশে বসবাসকারী নাগরিক, অনাবাসী বাংলাদেশীর (এন আর বি) একক মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান, অংশীদারী কারবার এবং ১৯৯৪ সনের কোম্পানী আইনে নিবন্ধিত জয়েন্ট স্টক কোম্পানী)। বিদেশী স্বত্বা (নাগরিক, কোম্পানী, সাবসিডিয়ারী কোম্পানী বা হোল্ডিং কোম্পানী), লাইসেন্সধারী স্বত্বার মালিক/পরিচালক/শেয়ারহোল্ডার/বিনিয়োগকারী/অংশীদার হইতে পারিবে না। সকল আর্থিক লেনদেন বাংলাদেশ ব্যাংকের তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে সম্পাদিত হইতে হইবে।

১০.২ সাবমেরিন ক্যাবল লাইসেন্স ইস্যু করা হইবে বাংলাদেশী স্বত্বার অনুকূলে অথবা বিদেশী স্বত্বার সাথে যৌথ উদ্যোক্তার অনুকূলে।

১০.৩ বাংলাদেশ টেলিযোগাযোগ কোম্পানী (বিটিসিএল) সহ কোন একক ব্যবসায়ী স্বত্বা IGW, ICX, IIG, NIX, SC, IP Telephony, IP-TV, VOIP কল টার্মিনেশন এবং ITC-এর মধ্যে একাধিক শ্রেণীর লাইসেন্স পাওয়ার যোগ্য হইবে।

## ১১. সুবিধাদির ব্যবহার [Utilization of Facilities]

### ১১.১ বিদ্যমান সুবিধাদির সদ্ব্যবহার (Utilization of existing facilities)

১১.১.১ IGW, IIG, ICX, NIX এবং VSAT HUB পরিচালনাকারীগণ বিদ্যমান ব্যাকবোন নেটওয়ার্ক সম্পদাদি ব্যবহার করিবে। সরকার এই ব্যাপারে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা জারী করিবে।

১১.১.২ বিটিসিএল (BTCL)-এর বিদ্যমান IGW, ICX, এবং IIG এবং বিএসসিসিএল (BSCCL) এর SC চলমান থাকিবে। তবে এইগুলোর জন্য সরকারের নিকট হইতে প্রয়োজনীয় লাইসেন্স নিতে হইবে।

### ১১.২ ভিস্যাট [VSAT]

১১.২.১ VSAT-এর যথেচ্ছ ব্যবহার অবৈধ VOIP কল ব্যবসার অন্যতম উপায়। তাই VSAT-এর অবৈধ ব্যবহার রোধ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। IGW-এর ব্যাকআপ হিসেবে ব্যবহারের ক্ষেত্র ছাড়া ভয়েস সার্ভিসের জন্য VSAT ব্যবহার করিতে দেওয়া যাইবে না। IIG সমূহের সাথে সংযুক্ত VSAT শুধু ডাটা যোগাযোগের ব্যাকআপের জন্য ব্যবহার করা যাইবে। অতএব, VSAT ব্যবহার করিতে হইলে সরকারের অনুমোদন প্রয়োজন হইবে।

১১.২.২ অভ্যন্তরীন সকল VSAT, HUB, NIX সমূহের সাথে সংযুক্ত হইতে হইবে। NIX সমূহ কর্তৃক VSAT দ্বারা ব্যাকআপ সংযোগ নিশ্চিত না করা পর্যন্ত বিদ্যমান VSAT সমূহ চলমান থাকিতে পারিবে। সরকারের নির্দেশনা মোতাবেক IX পরিচালনকারী ছাড়া অন্যান্য VSAT ক্রমান্বয়ে প্রত্যাহার করা হইবে।

১১.২.৩ সরকার বিদ্যমান VSAT HUB লাইসেন্সসমূহ পর্যালোচনা করিবে এবং প্রয়োজনে অতিরিক্ত লাইসেন্স ইস্যু করিবে। VSAT দ্বারা অবৈধ VOIP কল বন্ধ করিবার জন্য সরকার জোরালো পদক্ষেপ গ্রহণ করিবে।

## ১২. এনজিএন প্রযুক্তির প্রমোশন [Promotion of Next Generation Network (NGN) Technology]

১২.১ দেশে NGN প্রযুক্তি চালুকরনে বিটিআরসি সহায়তা করিবে। পরিচালনকারীগণ যথাসম্ভব দ্রুত তাহাদের নেটওয়ার্কে **NGN** প্রযুক্তি অভিযোজন করিবেন। এই ব্যাপারে পরিচালনকারীগণ সরকারের নিকট হইতে অনুমোদন/লাইসেন্স গ্রহণ করিবেন।

## ১৩. বিপিও প্রমোশন [Promotion of Business Process Outsourcing (BPO)]

১৩.১ বিটিআরসি দেশে Call centre, E-Health care services, E-education services, E-commerce, IT Parks ইত্যাদি উন্নয়নে সহায়তা করিবে। এই ব্যাপারে পরিচালনকারীগণ বিটিআরসি'র নিকট হইতে অনুমোদন/লাইসেন্স গ্রহণ করিবে।

## ১৪. কোয়ালিটি অব সার্ভিস [Quality of Service (QoS)]

১৪.১ সকল IGW, ICX, NIX, ANS, IP Telephony, VOIP Call Termination, IP- TV, SC, ITC এবং VSAT HUB পরিচালনকারীর প্রধান দায়িত্ব হইবে কঠোরভাবে সেবার মান সংরক্ষণ করা। সেবার গুণগত মান সংরক্ষণ ও নিরীক্ষণ এর ব্যাপারে বিটিআরসি প্রয়োজনীয় নির্দেশনা ইস্যু করিবে।

## ১৫. ট্যারিফ কাঠামো/রাজস্ব বিভাজন [Tariff Structure and Revenue Sharing]

১৫.১ ভয়েস এবং ডাটা সার্ভিস এর জন্য সরকার ভিন্ন ভিন্ন ট্যারিফ স্ট্রাকচার তৈরী করিবে। তাহা হইবে নির্দিষ্ট সময়ের জন্য এবং সেই সময়ান্তে তাহা পুনরীক্ষণ করা হইবে।

১৫.২ ট্যারিফ এমন হইতে হইবে যেন জনসাধারণ সহনীয় মূল্যে টেলিযোগাযোগ সেবা পায় এবং সরকার তাহার ন্যায্য রাজস্ব পায়।

## ১৬. পরিবীক্ষণ এবং জাতীয় নিরাপত্তা [Monitoring and National Security]

১৬.১ IGWs, IIGs, ICXs, NIXs, ANS, SC, ITC, IP Telephony, IP–TV, VOIP Call Termination এবং VSAT HUB পরিচালনকারীগণ অনলাইন এবং অফলাইন পরিবীক্ষণের জন্য বিটিআরসি চত্বরে প্রয়োজনীয় হার্ডওয়ার ও সফটওয়ার সরঞ্জামসহ সংযোগ প্রদান ও সংরক্ষণ করিবেন।

১৬.২ IGWs, IIGs, ICXs, NIXs, ANS, ITC, SC, VOIP Call Termination এবং IP Telephony পরিচালনকারীগণ বিটিআরসি কর্তৃক অনলাইন ও অফলাইন ভয়েস ডাটা কল পরিবীক্ষণের সুবিধার্থে Call Details Records (CDRs) এবং অন্যান্য আনুষংগিক সরঞ্জাম সরবরাহ করিবেন।

১৬.৩ IGWs, IIGs, ICXs, NIXs, ANS, ITC, SC, IP Telephony, IP–TV, VOIP Call Termination এবং VSAT HUB পরিচালনকারীগণ আইন প্রয়োগকারী সংস্থাকে বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১-এর বিধান অনুসারে আইনানুগ অভিগ্রহনের জন্য প্রবেশাধিকার দিবেন এবং প্রয়োজনীয় হার্ডওয়ার ও সফটওয়ার সরঞ্জাম সরবরাহ করিবেন।

১৬.৪ বিটিআরসি প্রয়োজনে সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন এবং আন্তর্জাতিক টেরেস্ট্রিয়াল ক্যাবল সংযোগ স্থানে পরিবীক্ষণ কেন্দ্র স্থাপন করিবে।

১৬.৫ সংশ্লিষ্ট পরিচালনকারীগণ IPLC ব্যবহার করিয়া ভয়েস ও ডাটা পরিবীক্ষণের সরঞ্জামাদি স্থাপন করিবেন। বিটিআরসি এবং আইন প্রয়োগকারী সংস্থা যেন অনলাইন ও অফলাইনে পরিবীক্ষণ করিতে পারে, সেইজন্য সংশ্লিষ্ট পরিচালনকারীগণ প্রয়োজনীয় হার্ডওয়ার ও সফটওয়ারসহ পরিবীক্ষণ সুবিধাদি বিটিআরসি এবং আইন প্রয়োগকারী সংস্থার চত্বরে স্থাপন করিবেন।

## ১৭. টেলিযোগাযোগ সংক্রান্ত অন্যান্য নীতিমালার প্রয়োগ [Application of other Policies relating to Telecommunication]

১৭.১ জাতীয় টেলিযোগাযোগ নীতিমালা, ১৯৯৮ এবং অন্যান্য নীতিমালার প্রয়োগ হইবে এই নীতিমালার বিধান সাপেক্ষ এবং এই নীতিমালার সাথে অন্য কোন নীতিমালার বিরোধ দেখা দিলে এই নীতিমালাই কার্যকর থাকিবে।

১৭.২ ব্যবসায়িক প্রয়োজন বা প্রযুক্তিগত উন্নয়ন হেতু কোন সংশয় দেখা দিলে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এই নীতিমালার সংশ্লিষ্ট দফা বা উপদফা পরিবর্তন বা সংশোধন করার অধিকার সংরক্ষণ করে।

১৭.৩ ILDTS Policy 2010 জারীর তারিখ হইতে কার্যকর হইবে এবং উক্ত তারিখ হইতে ILDTS Policy 2007 বাতিল বলিয়া গণ্য হইবে।

১৭.৪ ILDTS Policy 2010, ILDTS Policy 2007 বাতিল হওয়া সত্ত্বেও ILDTS Policy 2007 অনুসারে গৃহীত কার্যক্রম বহাল থাকিবে এবং ILDTS Policy 2007 এর আওতায় শুরু করা ও বর্তমানে চলমান কার্যক্রম উক্ত policy অনুসারে এমনভাবে নিষ্পন্ন করা হইবে যেন এই নতুন নীতিমালা জারী করা হয় নাই।

## ১৮. নীতিমালা ব্যাখ্যার সুযোগ [Scope of Interpretation of Policy]


১৮.১ ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এই নীতিমালা বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবে। কারিগরি এবং পরিচালনাগত বিষয়ে কোন অস্পষ্টতা অথবা বিরোধ দেখা দিলে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় এর ব্যাখ্যা চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৮.২ এই নীতিমালা বাস্তবায়নের ক্ষেত্রে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় যদি মনে করে যে, কোন অনুচ্ছেদ/উপ-অনুচ্ছেদ (সমূহ) পরিবর্তন/পরিমার্জন প্রয়োজন, তাহা হইলে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় প্রয়োজনীয় পরিবর্তন/পরিমার্জনের ব্যবস্থা গ্রহণ করিবে। ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় সংশ্লিষ্ট অনুচ্ছেদ/উপ-অনুচ্ছেদ পরিবর্তন/পারিমার্জনের ক্ষমতা রাখে।

## ১৯. উপসংহার [Conclusion]

১৯.১ টেলিযোগাযোগের ক্ষেত্রে প্রযুক্তিগত উন্নয়ন সবসময় সরকারের কাছে অগ্রাধিকার প্রাপ্ত বিষয়, যাহাতে তাহা জনসাধারনের জন্য সহনীয় মূল্যে সহজলভ্য করা যায়। বর্তমান নীতিমালার মূল লক্ষ্য হইতেছে সকল প্রযুক্তিগত সুবিধাদি জনগণের কাছে পৌঁছানো এবং সংশ্লিষ্ট উদ্যোক্তারা যেন যথাযথ ভূমিকা পালনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখিতে পারে। জ্ঞান ভিত্তিক সমাজ গড়িয়া তুলিবার জন্য বিশাল বহিঃবিশ্বকে জনসমক্ষে উন্মুক্ত করিয়া দেওয়া হইবে। এই নীতিমালা উদ্যোক্তাদের মাঝে সুস্থ প্রতিযোগিতা আগাইয়া দিবে এবং বৈশ্বিক নেটওয়ার্কে দেশীয় টেলিযোগাযোগ পদ্ধতির প্রবেশ অগ্রগামী করিবে। ইহা বেসরকারী খাতে বিনিয়োগ বাড়াইবে এবং শিল্প ও বাণিজ্য ক্ষেত্রে উন্নতি ত্বরান্বিত করিবার জন্য বিদ্যমান পদ্ধতি সরলীকরণ  করিবে। দেশ ও জনগণের স্বার্থে এই সম্ভাবনাময় খাতকে রক্ষা ও অগ্রায়নের লক্ষ্যে সরকার সকল হাতিয়ার নিয়োজিত করিতে ঐকান্তিক এবং দৃঢ় প্রতিজ্ঞ। এই নীতিমালার বাস্তবায়ন ডিজিটাল বিভক্তি হ্রাস করিবে এবং ব্রডব্যান্ড-এর ব্যবহার ও দেশের টেলি-ঘনত্ব বৃদ্ধি  করিবে। এই নীতিমালা 'ডিজিটাল বাংলাদেশ' প্রত্যাশা পূরণে তাৎপর্যপূর্ণ ভূমিকা রাখিবে।

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস—কম্পিউটার শাখা—১৩৪২/২০০৯-২০০১/টিএন্ডটি—১২-০৫-২০১০—১,০০০ কপি।




Schematic Diagram of Network Topology of ILDTS 2010